

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৩

আগরতলা, ২ এপ্রিল, ২০২৬

গুড ফ্রাইডে উপলক্ষে  
মুখ্যমন্ত্রীর শুভেচ্ছা

গুড ফ্রাইডে উপলক্ষে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা রাজ্যবাসীকে আন্তরিক প্রীতি ও শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছা বার্তায় মুখ্যমন্ত্রী বলেন, গুড ফ্রাইডে প্রভু যীশু খ্রিস্টের অসীম ত্যাগ ও আত্মবলিদানের কথা স্মরণ করায়। মানবজাতির কল্যাণে তিনি যে ভালোবাসা, ক্ষমা, সহানুভূতি ও সত্যের পথ দেখিয়েছেন, তা আজও সমানভাবে প্রাসঙ্গিক এবং অনুপ্রেরণাদায়ক। গুড ফ্রাইডে আমাদের মনে করিয়ে দেয় - ত্যাগ, প্রেম ও মানবতার মাধ্যমেই সমাজে শান্তি প্রতিষ্ঠা সম্ভব। এই আলোকে আসুন, আমরা সবাই মিলে একটি সুস্থ, শান্তিপূর্ণ ও সুন্দর ত্রিপুরা গড়ে তুলি।

এই পবিত্র দিনে মুখ্যমন্ত্রী রাজ্যের সকল অংশের জনগণের সুখ, সমৃদ্ধি ও সার্বিক মঙ্গল কামনা করেন।

\*\*\*\*\*